

B.A. Semester-VI (Programme) Exam. 2022-23**বাংলা****Course ID : 60114 Course Code : AP/BNG/603/GE-2****Course Title : সাহিত্যতত্ত্ব ও বাংলা সমালোচনা সাহিত্য**

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) ‘সাহিত্যের তাৎপর্য’ প্রথম কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- খ) ‘ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধান দুইটি জিনিস মিশাইয়া থাকে।’— জিনিস দুটি কী কী?
- গ) ‘কিন্তু সে ধারণা ঠিক নয়’ — এখানে কে, কোন্ ধারণার কথা বলেছেন?
- ঘ) ‘কবিতার কথা’ প্রবন্ধে জীবনানন্দ দাশ উল্লিখিত বিশিষ্ট মানুষজনদের নাম লেখো।
- ঙ) বিভাব কয়প্রকার ও কী কী?
- চ) রসধ্বনির পরিচয় দাও।
- ছ) ‘সাহিত্য দেশের অবস্থা ও জাতীয় চরিত্রের প্রতিবিশ্ব মাত্র’ — কে কোথায় একথা বলেছেন?
- জ) মিরান্দা কে? তার পিতার নাম কী?

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) রবীন্দ্রনাথের ‘ঐতিহাসিক উপন্যাস’ প্রবন্ধ অনুসরণে ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা দাও।
- খ) “শকুন্তলা অর্ধেক মিরান্দা অর্ধেক দেসদিমোনা”— বঙ্কিমচন্দ্রের অনুসরণে ব্যাখ্যা করো।
- গ) ‘সাহিত্যের উপকরণ হিসেবে চিত্র ও সংগীতের ভূমিকা উল্লেখ করো।
- ঘ) ‘কবিতা মুখ্যত লোকশিক্ষা নয়’ — কথাটির যৌক্তিকতা ব্যাখ্যা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) ‘ধ্বনিরাগ্ন্যাকাব্যস্য’— মন্তব্যটি কতখানি গ্রহণযোগ্য তা যুক্তিসহ ব্যাখ্যা করো।
- খ) আধুনিক বাংলা কবিতা সম্পর্কে জীবনানন্দ দাশের অভিমত তোমাদের পাঠ্য ‘রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- গ) “আমরা জয়দেব ও বিদ্যাপতি সম্বন্ধে যাহা বলিয়াছি, তাঁহাদিগকে এক এক ভিন্নশ্রেণীর গীতিকবির আদর্শ স্বরূপ বিবেচনা করিয়া তাহা বলিয়াছি।” - ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- ঘ) ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধে রবীন্দ্রনাথ সাহিত্যের জন্ম ও তার সঙ্গে সম্পর্কিত মানব চরিত্র নিয়ে যে মনোজ্ঞ আলোচনা করেছেন তার পরিচয় দাও।